Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং-৩৮.০১.০০০০.১০৭.৩৭.০১০.২১- ৪৫৩

তারিখ: ২৭ চৈত্র, ১৪২৮।
১৩ এপ্রিল, ২০২২।

**বিষয় : ১১-২০ গ্রেডের কর্মচারীদের উচ্চতর গ্রেড, টাইম স্কেল, সমতাকরণ, বেতন নির্ধারণ ও বিবিধ বিষয়ে মঞ্জুরকারী নির্ধারণ।**
সূত্র : প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ২৮ মার্চ ২০২২ তারিখের ৩৮.০১.০০০০.১৫২.০২০.০৯৬.২০২১-১০৭২ নং স্মারক।

উপরিউক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০-১১ গ্রেডের কর্মচারীদের উচ্চতর গ্রেড, টাইম স্কেল, বেতন সমতাকরণ, বেতন নির্ধারণ ও বিবিধ বিষয়ে মঞ্জুরকারী কর্তৃপক্ষ নির্ধারণের নিমিত্ত মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে এক যৌথ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত : ০২ (দুই পাতা)।

১০/৪/২২

মোহাম্মদ নজরুল ইসলাম
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)
ফোন-৫৫০৭৪৯১৭।

বিতরণ:
১। উপপরিচালক, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী / খুলনা/ বরিশাল/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ বিভাগ।
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল),........................................।
৩। উপজেলা/ থানা শিক্ষা অফিসার (সকল),........................................।
৪। ইউআরসি ইন্সট্রাক্টর (সকল),........................................।

অনুলিপি :
১। পরিচালক, প্রশাসন/প্রশিক্ষণ/ মনি: ও মূল্যা:/পরিকল্পনা ও উন্নয়ন/পলিসি ও অপা:/অর্থ/আইএমডি/প্রকিউরমেন্ট/ উপবৃত্তি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২। চীফ একাউন্স এন্ড ফিন্যান্স অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
৩। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্স ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী / খুলনা/ বরিশাল/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ বিভাগ।
৪। জেলা হিসাবরক্ষণ অফিসার (সকল), ........................................।
৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল),........................................।
৬। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৭। অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি ৪) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৮। পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৯। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

বিষয়ঃ **অর্থ-রাজস্ব শাখায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সহকারি শিক্ষক ও মাঠ পর্যায়ে কর্মরত কর্মচারীগণের বিভিন্ন ধরনের বকেয়া বেতন-ভাতার বরাদ্দ প্রদানের ক্ষেত্রে সৃষ্ট জটিলতা নিরসনে আয়োজিত যৌথ সভার কার্যবিবরণী।**

১। সভার তারিখ : ১৫-০৩-২০২২খ্রিঃ
২। সভাপতি : আলমগীর মুহম্মদ মনসুরুল আলম, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৩। সময় : বিকাল ৩:০০ ঘটিকা।
৪। স্থান : Hope Conference Room।

উপস্থিতিঃ পরিশিষ্ট-ক সদয় দ্রষ্টব্য;

সভাপতি সভায় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি সভায় উপস্থাপন করা হয়। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অর্থ-রাজস্ব শাখায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সহকারি শিক্ষক ও মাঠ পর্যায়ে কর্মরত কর্মচারীগণের বিভিন্ন ধরনের বকেয়া বেতন-ভাতার বরাদ্দ প্রদানের ক্ষেত্রে বিভিন্ন সমস্যা সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অর্থ বিভাগ; প্রশাসন বিভাগ এবং পলিসি এন্ড অপারেশন বিভাগ এর সমন্বয়ে একটি যৌথসভার আয়োজন করা হয়। সভায় নিম্নোক্ত বিষয়সমূহের বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | **উচ্চতর গ্রেডঃ** প্রধান শিক্ষকগণের উচ্চতর গ্রেড মঞ্জুরকারী কর্তৃপক্ষ মহাপরিচালক; ৩য় শ্রেণীর কর্মচারীগণের উচ্চতর গ্রেড মঞ্জুরকারী কর্তৃপক্ষ মহাপরিচালক এবং সহকারী শিক্ষকগণের উচ্চতর গ্রেড মঞ্জুরকারী কর্তৃপক্ষ ডিপিইও। মাঠ পর্যায় হতে যে সকল বকেয়া দাবী করা হচ্ছে, সেগুলো যাচাইয়ান্তে দেখা যায় যে, অনেক ক্ষেত্রে প্রশাসনিক আদেশ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত নয়। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের ডিপিইও ও এর আওতাধীন ২০ থেকে ১২তম গ্রেড এবং পিটিআই ও এর আওতাধীন মাঠ পর্যায়ের ২০ থেকে ১২তম গ্রেড পর্যন্ত কর্মচারীদের চাকুরি সন্তোষজনক প্রত্যয়ন এবং মঞ্জুরী আদেশ জারির জটিলতা সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপস্থিত সকলেই সংশ্লিষ্ট কর্মচারীদের সন্তোষজনক চাকরি প্রত্যয়ন ও মঞ্জুরী আদেশ জারির জটিলতা নিরসনে একমত পোষন করেন। উল্লেখ্য যে, বিদ্যমান ক্ষমতার্পন পত্রে ১১তম গ্রেডের অফিস কর্মচারীদের বিষয়ে উল্লেখ না থাকায় তাদের ক্ষেত্রে ও প্রশাসনিক আদেশ জারিতে জটিলতা হচ্ছে। | ক) ডিপিইও ও এর আওতাধীন মাঠ পর্যায়ের ২০ থেকে ১১তম গ্রেড এবং পিটিআই ও এর আওতাধীন মাঠ পর্যায়ের ২০ থেকে ১১তম গ্রেড পর্যন্ত কর্মচারীদের উচ্চতর গ্রেড প্রাপ্তির সন্তোষজনক চাকরি প্রত্যয়ন ও মঞ্জুরী আদেশ সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালকগণ প্রদান করবেন।<br>খ) বিভাগীয় উপপরিচালকের দপ্তরে কর্মরত ২০ থেকে ১১তম গ্রেডের কর্মচারীদের উচ্চতর গ্রেড প্রাপ্তিতে সন্তোষজনক চাকুরির প্রত্যয়ন ও মঞ্জুরী আদেশ প্রদান পরিচালক প্রশাসন এর স্থলে সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালকগণ মঞ্জুরী আদেশ প্রদান করবেন। | সহকারী পরিচালক, সাধারণ-প্রশাসন শাখা। |
| ২ | **টাইমস্কেলঃ** প্রকল্পের চাকুরীকাল গণনা করে টাইমস্কেল মঞ্জুর করার বিধান নাই। কিন্তু মাঠ পর্যায় হতে প্রকল্পের চাকুরীকাল গণনা করে টাইমস্কেলের বকেয়া দাবী করা হচ্ছে। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষকগণ বেসরকারী/ প্রকল্পের চাকুরিকাল গণনা করে টাইমস্কেলের বকেয়া গ্রহণ/দাবীর বিষয়টি বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপস্থিত সকলেই সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষকগণের বেসরকারী/ প্রকল্পের চাকুরিকাল গণনা করে টাইমস্কেলের বকেয়া প্রদানের | মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষকগণ বেসরকারী/ প্রকল্পের চাকুরিকাল গণনা করে টাইমস্কেল ও উচ্চতর গ্রেড প্রদান করে আর্থিক সুবিধা প্রদান করা যাবে না। বেসরকারী/প্রকল্পের চাকুরিকাল গণনা করে টাইমস্কেল ও উচ্চতর গ্রেড প্রদান করে থাকলে এ পর্যন্ত অতিরিক্ত গৃহিত অর্থ আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে অর্থ বিভাগের পরিপত্র অনুযায়ী ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দিতে হবে। | সহকারী পরিচালক, সাধারণ-প্রশাসন শাখা। |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | বিষয়টি বিধিসম্মত নয় মর্মে একমত পোষন করেন। | | |
| ৩ | **সমতাকরণঃ** মাঠ পর্যায় হতে সমতা জনিত যে সকল বকেয়া দাবী করা হচ্ছে, অনেক ক্ষেত্রে প্রশাসনিক আদেশ যথাযথ নয়। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণের সমতাকরণ জনিত বরাদ্দ প্রদানের ক্ষেত্রে ০৯/০৩/২০১৪ এর পূর্বের এবং ০৯/০৩/২০১৪ থেকে ১৪/১২/২০১৫ পর্যন্ত সময়ের প্রশাসনিক অনুমোদনের মঞ্জুরকারী কর্তৃকপক্ষ কে, তা নির্ধারণ করা প্রয়োজন। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষকগণের বেতন সমতাকরণ জটিলতা নিরসনে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপস্থিত সকলেই সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষকগণের বেতন সমতাকরণ সমস্যাটি নিরসনে একমত পোষন করেন এবং প্রযোজ্য ক্ষেত্রে মঞ্জুরকারী কর্তৃপক্ষ অথবা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারণের অনুরোধ জানান। | মাঠপর্যায়ের দপ্তরসমূহের কর্মরত কর্মকর্তা-কর্মচারী এবং সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের বেতন সমতাকরণের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ বা ক্ষমতা প্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক মঞ্জুরী আদেশ জারী করতে হবে। এ ক্ষেত্রে ০৯/০৩/২০১৪ এর পূর্বে প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের জন্য ডিপিইও এবং ০৯/০৩/২০১৪ থেকে ১৪/১২/২০১৫ পর্যন্ত প্রধান শিক্ষকদের বিভাগীয় উপপরিচালক; সহকারী শিক্ষকদের ডিপিইও মঞ্জুরী আদেশ জারী করবেন। | সহকারী পরিচালক, সাধারণ-প্রশাসন শাখা। |
| ৪ | **বেতন নির্ধারণ ও বিবিধঃ** যথাযথ কর্তৃপক্ষের প্রশাসনিক অনুমোদন ব্যাতিরেকে হিসাবরক্ষণ অফিস কর্তৃক বেতন পুনঃনির্ধারণ করে বকেয়া দাবী করা হচ্ছে। | ক) উচ্চতর গ্রেড প্রাপ্তি জনিত বেতন নির্ধারণের ক্ষেত্রে কর্তৃপক্ষের প্রশাসনিক আদেশ / মঞ্জুরী আবশ্যক। এ বিষয়টি নিশ্চিত করতে মাঠ পর্যায়ে পত্র প্রেরণের বিষয়ে সভায় সকলে একমত পোষণ করেন। | ক) মাঠপর্যায়ের দপ্তরসমূহের কর্মরত কর্মকর্তা-কর্মচারী এবং সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের উচ্চতর গ্রেড প্রাপ্তি জনিত বেতন নির্ধারণের ক্ষেত্রে কর্তৃপক্ষের প্রশাসনিক আদেশ/মঞ্জুরী আবশ্যক। ডিপিইও ও এর আওতাধীন মাঠ পর্যায়ের ২০ থেকে ১১তম গ্রেড সংশ্লিষ্ট ডিপিইও এবং পিটিআই ও এর আওতাধীন মাঠ পর্যায়ের ২০ থেকে ১১তম গ্রেড পর্যন্ত কর্মচারীগণ সংশ্লিষ্ট সুপারিনটেনডেন্ট পিটিআই আদেশ জারী করবেন। এ ক্ষেত্রে ০৯/০৩/২০১৪ এর পূর্বে প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের জন্য ডিপিইও এবং ০৯/০৩/৩০১৪ থেকে প্রধান শিক্ষকদের বিভাগীয় উপপরিচালক; সহকারী শিক্ষকদের ডিপিইও মঞ্জুরী আদেশ জারী করবেন। | সহকারী পরিচালক, সাধারণ-প্রশাসন শাখা। |
| | | খ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ১৬৮৮, তারিখ: ০৮ ডিসেম্বর ২০২১ অনুসারে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের গ্রেড ১৭ হতে গ্রেড ২০ পর্যন্ত কর্মচারীগণের সাধারণ ভবিষ্য তহবিল অগ্রিম মঞ্জুরী (সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা ১৯৭৯ এর বিধি ১৩(১)); গৃহ নির্মাণ ও বিশেষ বিবেচনা ব্যতীত অন্যান্য সকল উদ্দেশ্যে নথি অনুমোদন মহাপরিচালকের পক্ষে পরিচালক (অর্থ) অনুমোদন করবেন। এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ১১৭০, তারিখঃ ২৩ জুলাই ২০১৮ অনুসারে | মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কর্তকর্তাগণের জিপিএফ নথি মহাপরিচলকের পক্ষে অতিরিক্ত মহাপরিচালক অনুমোদন করবেন। | |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের জিপিএফ ফান্ডের নথি অনুমোদন মহাপরিচালকের পক্ষে অতিরিক্ত মহাপরিচালক অনুমোদন করবেন। কিন্তু মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কর্মকর্তাগণের জিপিএফ নথি অনুমোদনের বিষয়ে কোন নির্দেশনা না থাকায়, তাঁদের জিপিএফ নথি অনুমোদনে জটিলতা সৃষ্টি হচ্ছে। এ সমস্যা নিরসনে সভায় সকলে একমত পোষণ করেন। | | |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

আলমগীর মুহম্মদ মনসুরুল আলম
মহাপরিচালক

স্মারক নং ৩৮.০১.০০০০.১৫২.০২০.০৯৬.২০২১-১০৭২

তারিখঃ ১৪ চৈত্র ১৪২৮ / ২৮ মার্চ ২০২২

অনুলিপিঃ সদয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃ আঃ সহকারী সচিব (বাজেট ও অডিট)]।
২। অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা।
৩। পরিচালক, প্রশাসন/ পলিসি এন্ড অপারেশন/ অর্থ-বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা।
৪। উপ-পরিচালক, প্রশাসন/পলিসি এন্ড অপারেশন/ অর্থ-রাজস্ব, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা।
৫। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ................................ বিভাগ, .....................................।
৬। সহকারি পরিচালক, প্রশাসন/সাধারণ-প্রশাসন/বিদ্যালয়/ অর্থ-রাজস্ব শাখা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ...................................... জেলা।
৮। সুপারিনটেনডেন্ট, পিটিআই, ............................. উপজেলা, ................................... জেলা।
৯। শিক্ষা অফিসার, প্রশাসন/সাধারণ-প্রশাসন/ বিদ্যালয় /অর্থ-রাজস্ব শাখা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। সংরক্ষণ নথি।

মোঃ নুরুল ইসলাম
সহকারী পরিচালক (অর্থ-রাজস্ব)
ফোনঃ ৫৫০৭৪৯২৭

D:\document\Pending\রেজুলেশন.docx